

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম জেলা কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।**

আমি নিম্নস্বাক্ষরকারী ২২/১২/২০১৯ তারিখ বিকাল ৫.০০ টায় বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম জেলা কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা জনাব নারগীস সুলতানা, জাতীয় মহিলা সংস্থার সহকারী পরিচালক জনাব একেএম ইয়াহিয়া, জাতীয় মহিলা সংস্থার জেলা কর্মকর্তা জনাব শাহানা পারভীন এবং শিশু একাডেমির অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

১। **কার্যালয়/দপ্তরঃ**

বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম।

২। **রাজস্ব বাজেটের আওতায় জনবলঃ**

স্থায়ী জনবলঃ ৫জন। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ১জন, লাইব্রেরিয়ান কাম মিউজিয়াম কীপার ১জন, ডাটা এন্ট্রি অপারেটর ১জন, নাইটগার্ড ১জন এবং অফিস সহায়ক ১জন। অফিস সহায়ক এর পদটি শূণ্য আছে।

অস্থায়ী জনবলঃ ৪০ জন (খন্ডকালীন প্রশিক্ষক ৩৫ জন, অফিসসহকারীকামকম্পিউটারঅপারেটর ১ জন, প্রশিক্ষণকর্মী- ৩ জন, ক্লীনার ১জন)।

৩। **দপ্তরের প্রকল্পের জনবলঃ**

শিশু বিকাশ কেন্দ্রের জনবল ০৭ জন।

৪। **অফিস ভবনের মালিকানার ধরণঃ**

জেলা কার্যালয়টি বাংলাদেশ শিশু একাডেমির নিজস্ব ৪ তলা ভবনে স্থাপিত।

৫। **কার্যক্রমঃ**

(ক) প্রশিক্ষণঃ বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম অনলাইনে পরিচালিত হয়। সংগীত, নৃত্য, তবলা, চিত্রাংকন, আবৃত্তি, স্পেনিশ গীটার, হাওয়ান গীটার, কী-বোর্ড, নাট্যকলা, কম্পিউটার, ইংরেজী ভাষা শিক্ষা, দাবা, আরবী, হাতের সুন্দর লেখা ১৪টি কোর্সে বর্তমানে ২৬৪৪ জন রয়েছে।

(খ) সাংস্কৃতিকঃ একাডেমি বিশিষ্ট দিন, জাতীয় দিবস, মহাপুরুষদের জন্ম-মৃত্যুবার্ষিকী উপলক্ষে বছরে ৩০/৩৫টি অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এছাড়া বছরে তিনবার জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা, মৌসুমী প্রতিযোগিতা, বাংলার বৈশাখ নাচ ইত্যাদি জাতীয় প্রতিযোগিতার আয়োজন করে থাকে।



(গ) লাইব্রেরী ভিত্তিকঃ শিশুদের পাঠ অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে একটি শিশু লাইব্রেরী রয়েছে। মংগলবার ব্যতীত প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত লাইব্রেরী খোলা থাকে। শিশুদের পাঠ অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে লাইব্রেরী ভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করে থাকে।

(ঘ) বই বিক্রয়ঃ বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম জেলা কার্যালয়ে একটি বই বিক্রয় কেন্দ্র পরিচালনা করে। শিশু একাডেমি থেকে প্রকাশিত গল্প, ছড়া, কবিতা, উপন্যাস, নাটক, বিজ্ঞান বিষয়ক বই, মাসিক শিশু পত্রিকা বিক্রয় করা হয়। গত ২০১৮-১৯ অর্থ বছরে পত্রিকা ও বই বিক্রয় বাবদ ৬,৮৩,১১৯/- টাকা কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

#### ৬। অন্যান্য (যদি থাকে)

পরিদর্শনকালে শিশু বিকাশ কেন্দ্রের ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ ও শীতবস্ত্র বিতরণ এবং শিশুদের সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করি।



#### ৭। বিদ্যমান সমস্যাঃ


মেট্রোপলিটন এলাকা এবং উপজেলা পর্যায়ে শিশুদের কোন শাখা অফিস না থাকা এবং কার্যালয়ে কোন যানবাহন না থাকার বিষয়টি জেলা কর্মকর্তা উল্লেখ করেন। শিশুদের বিভিন্ন অনুষ্ঠানে যাতায়াত এবং একাডেমির জরুরী কাজে একটি মাইক্রোবাস প্রয়োজন।

#### ৮। সমস্যাসমূহ সমাধানের উপায়ঃ

- ১। মেট্রোপলিটন এলাকা এবং উপজেলা পর্যায়ে শিশুদের জন্য শাখা অফিস/সাংস্কৃতিক প্রশিক্ষণ কেন্দ্র খোলা যেতে পারে।
- ২। শিশুদের বিভিন্ন অনুষ্ঠানে যাতায়াত এবং অফিসের কাজে ব্যবহারের জন্য একাডেমির স্থানীয় আয় হতে একটি মাইক্রোবাস ক্রয়ের অনুমোদন প্রদান।

৯। সার্বিক মন্তব্যঃ

- ১। প্রশিক্ষনার্থীর সংখ্যা/কোর্স বিবেচনায় জেলা কার্যালয়সমূহে বাজেট বরাদ্দ করা।
- ২। একাডেমির সকল অফিসে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করা।

  
(সোঃ মাসুদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব

নং-৩২.০০.০০০০.০১৯.৯৯.০২৪.১৭-৯৩৯

তারিখঃ ২৬/১২/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্যঃ

- ১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম।